V/Mus(1st Sm.)-AECC-1/MIL-Bengali/CBCS
(B.A./B.Sc./B.Mus-Honours Candidates)
and
U/V(1st Sm.)-AECC-1/MIL-Bengali/CBCS
(B.A./B.Sc./B.Com.-Major Candidates)

2021

AECC - 1

MODERN INDIAN LANGUAGE — BENGALI

Full Marks : 80

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

For B.A./B.Sc./B.Mus. Honours Candidates
and
B.A./B.Sc./B.Com. Major Candidates

সঠিক উত্তরটি চিহ্নিত করো।

প্রতিটি প্রশ্নের মান – ২ ২×৪০

1. রবীন্দ্রনাথ ঠাকুরের মতে মেলা হ'ল—
   (A) উৎসব (B) বিশ্বভাবের সঙ্গে পল্লী-ভাবের মিলনের অবসর
   (C) দেশের মন পাওয়ার প্রকৃত অবসর (D) উক্ত সবকটি।

2. প্রত্যেক মেলার জন্য একটি বিশেষ খাজনা ধরে দেওয়া উচিত—
   (A) কেন্দ্রীয় সরকারকে (B) রাজ্য সরকারকে
   (C) জমিদারকে (D) ইংরেজ সরকারকে।

3. 'স্বদেশী সমাজ' প্রবন্ধ অনুসারে 'দেশের মন পাইবার প্রকৃত অবকাশ ঘটে'—
   (A) শিল্প-সংস্কৃতির বিকাশে (B) রাজনীতিতে
   (C) মেলায় (D) সভায়।

4. স্বামী বিবেকানন্দের মতানুযায়ী 'রেল এবং গতাগতির' সুবিধা হলে কলকেতাই ভাষা প্রচলিত হয়ে যাবে যে পর্যন্ত—
   (A) চট্টগ্রাম থেকে বৈদ্যনাথ পর্যন্ত (B) কাশী থেকে বৈদ্যনাথ পর্যন্ত
   (C) কাশী থেকে চট্টগ্রাম পর্যন্ত (D) ঢাকা থেকে কাশী পর্যন্ত।

5. স্বামী বিবেকানন্দের মতে দর্শন-বিজ্ঞান যে ভাষায় লেখা উচিত—
   (A) কথ্য ভাষায় (B) লেখ্য ভাষায় (C) স্থানীয় ভাষায় (D) ইংরেজি ভাষায়।

6. প্রাবন্ধিক স্বামী বিবেকানন্দ 'গদাই-লস্করি চাল' লক্ষ করেছেন—
   (A) সংস্কৃত ভাষার (B) আঞ্চলিক ভাষার (C) সাধু ভাষার (D) কথ্য ভাষার।

7. 'স্ত্রী জাতির অবনতি' প্রবন্ধ অনুযায়ী স্ত্রীজাতি হীনতেজ হয়ে পড়ে যেভাবে—
   (A) শারীরিক সক্ষমতার অভাবে (B) অর্থাভাবের কারণে
   (C) সহানুভূতিশীল মনোভাবের অভাবে (D) বুদ্ধিবৃত্তির চর্চার অভাবে।

8. রাজকীয় কার্যক্ষেত্র কথাটির অর্থ হ'ল—

(A) সরকারি কর্মস্থান (B) বেসরকারি কর্মস্থান
(C) রাজদরবার (D) সভাকক্ষ।

9. 'অপবিজ্ঞান' প্রবন্ধ মতে পৃথিবী একটি—

(A) প্রকাণ্ড চুম্বক (B) জলীয় পদার্থ (C) গ্যাসীয় পদার্থ (D) বিদ্যুৎ বলয়।

10. রাজশেখর বসুর লেখা 'অপবিজ্ঞান' প্রবন্ধে যে পৌরাণিক ঋষির উল্লেখ রয়েছে—

(A) দধিচী (B) অষ্টবক্র (C) অগস্ত্য (D) বিশ্বামিত্র।

11. যার "দ্বিতীয় ভ্রান্তিপাশে পড়িবার জন্য চিত্ত ব্যাকুল হইয়া উঠে"—

(A) রতন (B) পোস্টমাস্টার (C) নীলকুঠির গোমস্তা (D) নবাগত পোস্টমাস্টার।

12. 'পোস্টমাস্টার' চলে গেলে রতন ঘুরে বেড়াচ্ছিল যেখানে—

(A) নদীর ঘাটের কাছে (B) পোস্ট অফিসের চারদিকে
(C) নীলকুঠির কাছে (D) পুকুর পাড়ে।

13. 'খুঙ্গিপুঁথি' শব্দটির অর্থ হ'ল—

(A) কাগজ কলম (B) শ্লেট-বই
(C) বেত বা বাঁশের তৈরি কাগজপত্র রাখার ঝাঁপি বিশেষ (D) ছোটো কৌটো ও পুস্তক।

14. 'জীবিত ও মৃত' গল্পে শারদাশংকর যে প্রকৃতির মানুষ ছিলেন—

(A) বদমেজাজি (B) জটিল প্রকৃতির (C) নিরীহ প্রকৃতির (D) খামখেয়ালি।

15. কাদম্বিনীকে যোগমায়ার বাড়িতে পৌঁছে দিয়েছিল—

(A) শ্রীপতিচরণবাবু (B) এক সহৃদয় পথিক (C) নিতাই (D) শারদাশংকরের চারজন কর্মচারী।

16. সই যোগমায়ার বাড়ি থেকে রানীহাটে ফিরে গিয়ে কাদম্বিনী সর্বপ্রথম আশ্রয় নিয়েছিল—

(A) ন্যাড়া বটতলায় (B) একটা ভাঙা পোড়ো মন্দিরে
(C) শ্মশানের পার্শ্ববর্তী কুটিরে (D) উত্তরের বনে।

17. ফটিক হারিয়ে ফেলেছিল—

(A) খেলার বল (B) স্কুলের বই (C) ঘুড়ি (D) খাতা।

18. "এখন আমি বাড়ি যাচ্ছি"— ফটিকের এই সংলাপে 'বাড়ি' শব্দটির ব্যঞ্জনার্থ হল—

(A) চেতনালোক (B) মায়ের স্নেহাশ্রয় (C) প্রকৃতির স্নেহাঞ্চল (D) মৃত্যুলোক।

19. 'বলাই' গল্পে পুরোনো বটের কোটরে অতি পুরোনো যে পাখিদের বাসা বেঁধে থাকার কথা বলা হয়েছে—

(A) একজোড়া শালিখ (B) শুক-শারি
(C) ব্যঙ্গমা-ব্যঙ্গমি (D) একজোড়া চড়ুই।

20. বলাইকে বিলাতি কায়দায় শিক্ষা দেওয়ার জন্য তার বাবা তাকে প্রথমে যেখানে নিয়ে গিয়েছিলেন—

(A) শিলং (B) সিমলা (C) শ্রীনগর (D) সিকিম।

21. 'নৈবেদ্য'র- ৩০ সংখ্যক কবিতার বর্ণনানুযায়ী কবির মোহ জ্বলে উঠবে—

(A) ভক্তিরূপে (B) শক্তিরূপে (C) মুক্তিরূপে (D) জ্যোতিরূপে।

22. "তোমার আনন্দ রবে তার মাঝখানে"— 'তার' বলতে কবি বুঝিয়েছেন—

(A) বৈরাগ্য সাধনকে (B) ইন্দ্রিয়গ্রাহ্য সত্যকে (C) সংসারের বন্ধনকে (D) মোক্ষলাভকে।

23. "অসংখ্য বন্ধন-মাঝে মহানন্দময়/লভিব মুক্তির স্বাদ"— উদ্ধৃতিটিতে 'মুক্তি' শব্দটি যে অর্থে ব্যবহৃত হয়েছে—

(A) নিষ্কৃতি (B) স্বাধীনতা (C) মোক্ষ (D) পরম প্রাপ্তি।

24. 'নৈবেদ্য'-র ৬৪ সংখ্যক কবিতায় ব্যক্ত কবির প্রচণ্ড ক্ষোভের কারণ—

(A) প্রথম ইঙ্গ-বুয়র যুদ্ধ (B) দ্বিতীয় ইঙ্গ-বুয়র যুদ্ধ

(C) তৃতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (D) বঙ্গভঙ্গের পরিকল্পনা।

25. নৈবেদ্য-র ৬৪ সংখ্যক কবিতায় 'দয়াহীন সভ্যতা'কে যার সঙ্গে উপমিত করা হয়েছে—

(A) শ্মশানকুক্কুরের সঙ্গে (B) পঙ্কশয্যার সঙ্গে

(C) বিষধর সাপের সঙ্গে (D) ক্ষুধার্ত বাঘের সঙ্গে।

26. নৈবেদ্য-র ৬৫ সংখ্যক কবিতানুসারে স্বার্থ যত পূর্ণ হয় তত তার যেটি বেড়ে ওঠে—

(A) লোভ-ক্ষুধানল (B) ক্রোধানল (C) স্বার্থ-ক্ষুধানল (D) মোহানল।

27. নৈবেদ্য-র ৭০ সংখ্যক কবিতায় ক্ষমাকে সাব্যস্ত করা হয়েছে—

(A) শ্রেষ্ঠ বিচার (B) দুরূহ কাজ (C) ক্ষীণ দুর্বলতা (D) অন্যায়।

28. "ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত"— যেভাবে ভারতকে 'সেই স্বর্গে' জাগ্রত করার কথা কবিতায় বলা হয়েছে—

(A) প্রার্থনা করে (B) শুভবোধের উদ্বোধন ঘটিয়ে

(C) আঘাত করে (D) সংগীতধারা প্রবাহিত করার মাধ্যমে।

29. "তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের ____________" শূন্যস্থানের উপযুক্ত শব্দটি হল—

(A) পিতা (B) দাতা (C) নেতা (D) মিতা।

30. "শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন"— পংক্তিটিতে উল্লিখিত মারী শব্দের অর্থ—

(A) মার নামক দৈত্যের স্ত্রী (B) মড়ক

(C) মৃত্যু (D) মারণবিষ।

31. 'Amendment' শব্দটির পরিভাষা হ'ল—

(A) সংরক্ষণ (B) প্রশাসনিক (C) মহাধিবক্তা (D) সংশোধন।

32. 'Bidding' শব্দটির পরিভাষা হ'ল—

(A) দুর্নীতি নিরোধ (B) অবকাশ (C) নিলাম ডাক (D) সম্প্রচারণ।

33. 'Demography' শব্দটির পরিভাষা হ'ল—

(A) অশুদ্ধ শব্দ প্রয়োগ (B) প্রতীকবাদ

(C) জনতত্ত্ব (D) পদবিন্যস্তকরণ।

34. 'Elevator' শব্দটির পরিভাষা হ'ল—

(A) রাজবন্দি (B) উত্তোলক (C) পোষক (D) আধিকারিক।

35. 'Impasse' শব্দটির পরিভাষা হ'ল—

(A) অচলাবস্থা (B) তহবিল তছরূপ (C) মন্তব্যপত্র (D) প্রজ্ঞাপন।

36. 'Osteology' শব্দটির পরিভাষা হ'ল—

(A) অস্থিবিজ্ঞান (B) বহুদেববাদ (C) বনকীটবিজ্ঞান (D) ত্রুটিপূর্ণ উচ্চারণ।

37. 'Pantomime' শব্দটির পরিভাষা হ'ল—

(A) মোক্তারনামা (B) ছদ্মনাম (C) মূকাভিনয় (D) আনুষঙ্গিকী।

38. 'Pagan' শব্দটির পরিভাষা হ'ল—

(A) বিবেচনা পর্ষদ (B) সামর্থ্যবোধ (C) পোষক (D) বহুদেববাদী।

39. 'Mythology' শব্দটির পরিভাষা—

(A) রাখালি কবিতা (B) পুরাবৃত্ত (C) রূপকথা (D) অতীন্দ্রিয়বাদ।

40. 'Autonomous' শব্দটির পরিভাষা—

(A) স্বশাসিত (B) মধ্যস্থতা (C) বিবেচক (D) ব্যত্যয়ী।